



মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অবরোধ পালনকালে শিক্ষার্থীরা ও ক্যাম্পাসে অগ্নিস্রব টায়ার

-যাক্বাদি

মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অবরুদ্ধদশা থেকে মুক্তি পেলেন উপাচার্য, শিক্ষকরা

ঢাকাইল প্রতিনিধি

স্নাতকোত্তর কোর্স চালুর দাবিতে ঢাকাইলে মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা গতকাল সকাল ১১টা থেকে প্রায় ১০ ঘণ্টা উপাচার্য ও ৫০

শিক্ষককে প্রশাসনিক ভবনে অবরুদ্ধ করে রাখে। আগামী এক সপ্তাহের মধ্যে স্নাতকোত্তর কোর্স চালুর আশ্বাসের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থীরা গতকাল রাত সাড়ে ৮টায় অবরোধ প্রত্যাহার করে। এর আগে

আন্দোলনের কারণে বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের সভা স্থগিত করা হয়। আন্দোলনরত শিক্ষার্থীরা জ্ঞানায়, একাডেমিক

অবরুদ্ধদশা থেকে মুক্তি পেলেন

(শেষ পৃষ্ঠার পর)

ক্যালেন্ডার অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের লাইফ সায়েন্স অনুষদের পরিবেশ বিজ্ঞান ও সম্পদ ব্যবস্থাপনা (ইএসআরএম) এবং অপরাধতত্ত্ব ও পুলিশ বিজ্ঞান (সিপিএস) বিভাগের প্রথম ব্যাচের সেমিস্টার ফাইনাল পরীক্ষা আগামী জানুয়ারিতে অনুষ্ঠিত হবে। বিভাগ দুটির প্রথম ব্যাচ বিএসসি (অনার্স) কোর্স শেষ হওয়ার ঝরপ্রান্তে পৌঁছার পরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্নাতকোত্তর কোর্স চালুর কোনো উদ্যোগ নেয়নি। এ অবস্থায় দুটি বিভাগের শিক্ষার্থীরা স্নাতকোত্তর কোর্স চালু নিয়ে অনিশ্চিত হয়ে পড়ে। গতকাল সকাল ১১টায় শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্নাতকোত্তর কোর্স চালুর দাবিতে বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় তারা উপাচার্যসহ সব শিক্ষক-কর্মচারীকে প্রশাসনিক ভবনে জামাবদ্ধ করে রাখে এবং পানি, বিদ্যুৎ ও টেলিফোন

সংযোগ বিচ্ছিন্ন করে দেয়। মূল ভবনে তারা লাগিয়ে শিক্ষার্থীরা সেখানে অবস্থান নেয়। এদিকে ছাত্রছাত্রীদের আন্দোলনের কারণে গতকালের নির্ধারিত একাডেমিক কাউন্সিলের সভা স্থগিত করা হয়েছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর নূরুল ইসলাম মিয়া বলেন, একাডেমিক কাউন্সিলের তিন বিশেষজ্ঞ সদস্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. জসিম উদ্দিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন বিভাগের অধ্যাপক ড. মালেহীন কানদরী এবং ঢাকা টেক্সটাইল কলেজের অধ্যাপক আবদুল খালেক একাডেমিক কাউন্সিলের সভায় যোগ দিতে ঢাকাইল আসছিলেন। বিশ্ববিদ্যালয়ে ছাত্র আন্দোলনের খবর পেয়ে তারা ক্যাম্পাসে না এসে ফেরত যান। ফলে গতকালের সভা স্থগিত করা হয়।